

বণিক বার্তা



জ. নং : ডিএ ৬১০৮ = বর্ষ ০১, সংখ্যা ৩০৬

www.bonikbarta.com | সমৃদ্ধির সহযাত্রী

বণিক বার্তা, ২০২১-০৮-০৮, পৃঃ- ০৩

মেধার স্বীকৃতি পেলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা

বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি প্রকল্পের আওতায় সম্প্রতি ১৫ জনকে এ বছর পিএইচডি'র জন্য প্রাইম মিনিষ্টার ফেলোশিপে পুরস্কৃত করা হয়েছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক শিক্ষার্থী মো. আবির হাসান বাংলাদেশ থেকে একমাত্র বেসরকারি পিএইচডি আবেদনকারী হিসেবে এ ফেলোশিপের জন্য নির্বাচিত হয়েছেন। তিনি যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে পিএইচডি সম্পন্ন করবেন। অর্থনীতি বিভাগের আরেকজন শিক্ষার্থী মো. নাজমুল খান যুক্তরাষ্ট্র সরকারের ফুল ব্রাইট স্কলারশিপের আওতায় নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ে অর্থনীতিতে মাস্টার্স প্রোগ্রামের জন্য নির্বাচিত হয়েছেন। এছাড়া ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ফাতিমা তাসনিম বিশ্বের বৃহত্তম টেক কোম্পানি গুগল থেকে সফটওয়্যার প্রকৌশলী হিসেবে চাকরির অফার লেটার পেয়েছেন। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ডক্টর মোহাম্মদ ফরাসউদ্দিন এবং উপাচার্য অধ্যাপক ডক্টর এমএম শহিদুল হাসান কৃতী শিক্ষার্থীদের এসব অর্জনে তাদের অভিনন্দন জানিয়েছেন। —বিজ্ঞপ্তি